চুয়াডাঙ্গা জেলা বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্টিত

গতকাল সকাল ১১ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ এর সামনে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মহান স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এর বীর উত্তম খেতাব বাতিলের অপচেষ্টার প্রতিবাদে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বাচন বি এন পির মনোনীত প্রার্থী জনাব শরীফুজ্জামান শরীফ এর নির্দেশনায় চুয়াডাঙ্গা জেলা বি এন পির আয়োজনে বিক্ষোভ সমাবেশ অনুষ্টিত হয়।

সকালে নেতাকর্মীরা মিছিল নিয়ে প্রধান সড়কে উপর উঠতে গেলে পুলিশের বাঁধায় বিক্ষোভ মিছিল টি সাহিত্য পরিষদ এর সামনে বিক্ষোভ সমাবেশ অনুষ্টিত হয়। চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও সদ্য পৌর নির্বাচনে বিএনপির মনোনীত ধানের শীষের প্রার্থী মোঃ সিরাজুল ইসলাম মনি।

প্রধান অতিথি তার বক্তৃতায় বলেন, মহান স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীরউত্তম প্রতীক খেতাব বাতিলের অপচেষ্টা করছে সেটা বাংলাদেশের জনগণ কোন দিন মেনে নেবে না। যে মহান নেতা স্বাধীনতা যুদ্ধে নিজের জীবন এর মায়া ত্যাগ করে অংশ নিয়েছিলেন। সকল অন্যায় অনিয়ম বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে সকল দেশ প্রেমীক জনগণকে।

জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম এর উপস্থাপনয় আরো বক্তব্য রাখেন জেলা বিএনপির সাবেক যুগ্ম-সম্পাদক মাহমুদ হাসান পল্টু, জেলা সেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, জেলা যুবদলের যুগ্ম-সম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব, সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি খায়রুল ইসলাম, ইনতাজ আলী, যুগ্ম-সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা যুবদলের সাবেক আহবায়ক খালিদ মাহমুদ মিল্টন, যুবদল নেতা ও নবনির্বাচিত কাউনসিলর ইমরান মহলদার রিন্টু, আরো উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন,

জেলা যুবদলের অর্থ সম্পাদক মো মমিনুল রহমান মমিন, সহ-সাংগঠনিক সম্পাদক মো: মোখলেছুর রহমান মুকুল, জেলা সে¦চ্ছাসেবক দলের সহ-সভাপতি হাফিজুর রহমান মুক্ত, স্বরাজ, ইসহাক আলী, আলমডাঙ্গা পৌর যুবদলের সদস্য সচিব সাইফুল আলম কনক, রফিকুল ইসলাম, চৌধুরী আলম বাবু, আব্দুর রহিম খান দেলোয়ার জাহান ঝন্টু, জেলা যুবদলের সদস্য নাজমুল হক নাজমুল, হাফিজুল ইসলাম হ্যাপি, চুয়াডাঙ্গা পৌর যুবদলের যুগ্ম-আহবায়ক অপু মালিক, পৌর বিএনপি নেতা মিলন, শাহা আলম, কলম উদ্দিন, চিতলা ইউনিয়ন যুবদলের সাংগঠনিক সম্পাদক বেল্টু বিশ্বাস, আব্দুল, মিল্টন, মানোয়ার, ফরজ, রুবেল, আব্দুল রশীদ,

গাংনী ইউনিয়ন যুবদলের সভাপতি হাসান কাজী, সাধারণ সম্পাদক হাসিবুল, সাংগঠনিক সম্পাদক আব্দুল সামাদ, শংকরচনদ্র ইউনিয়ন বিএনপি নেতা রুহুল কুদ্দুস পচা, জেলা সেচ্ছাসেবক দলের যুগ্ম-সম্পাদক এম এস হাসান, প্রচার সম্পাদক মাবুদ সরকার, অর্থ সম্পাদক হাবিবুর রহমান রাজিব, সদস্য আবুল কালাম আজাদ, রুবেল হাসান, আব্দুল সামাদ, তুহিন ইসলাম, আবু হেনা, রাজু আহমেদ, জাকির হোসেন, এরশাদ, ইমন, খোকা, সানোয়ার মেম্বার, সাজ্জাদ হোসেন, আলেক, বোরহান, সালাম,

জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক আমানুল্লাহ আমান, চুয়াডাঙ্গা সদর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব মাহাবুব, পৌর ছাত্রদলের আহবায়ক কৌশিক আহমেদ রানা, সদস্য সচিব মেহেদী হাসান, আলমডাঙ্গা উপজেলা ছাত্রদলের আহবায়ক শুভ, যুগ্ম-আহবায়ক মাহাবুব হাসান মাবুদ, বকুল হোসেন, চিতলা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি রাশিদুল ইসলাম রাশেদুল, চুয়াডাঙ্গা সরকারি কলেজে ছাত্রদলের যুগ্ম-আহবায়ক আরিফুল ইসলাম, আরাফাত মালিতা, মাহাবুব, আবু শামা, রিদয়, হাছান, রিয়াদ, আল আমিন , মেহেদী, সান প্রমুখ।

ঝিনাইদহে বিএনপির বিক্ষোভ সমাবেশ

সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের বীরউত্তম খেতাব বাতিলের

সিন্ধান্তের প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে শহরের এইচএসএস সড়কের জেলা বিএনপির কার্যালয়ে সামনে এ কর্মসূচীর আয়োজন করে দলটির জেলা শাখা।

এতে জেলা বিএনপি আহ্বায়ক এ্যাড. এস এম মশিউর রহমান, সদস্য সচিব অ্যাড.এম এ মজিদ, যুগ্ম আহ্বায়ক জাহিদুজ্জামান মনা, আখতারুজ্জামান, সদস্য আলাউল হক আলা, পৌর বিএনপির সদস্য সচিব মাহবুবুর রহমান শেখর, থানা বিএনপির সদস্য সচিব আলমগীর হোসেন, জেলা যুবদলের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিকসহ অন্যান্যরা।

বক্তারা, জিয়াউর রহমানের বীরউত্তম খেতাব বাতিলের সিন্ধান্তের প্রতিবাদ ও ঢাকায় বিএনপির নেতাকর্মীদের উপর পুলিশি হামলার তীব্র নিন্দা জানান।

সিইসি নুরুল হুদার ‘অপকর্মের’ বিচার হবেই: রিজভী

অভিনব সন্ত্রাসী কায়দায় ভোট ডাকাতির নির্বাচনের জন্য প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নুরুল হুদা ইতিহাসে অমর হয়ে থাকবেন বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসজির রুহুল কবির রজিভী।

মঙ্গলবার রাজধানীর নয়াপল্টনে দলীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন।

রিজভী বলেন, ভোটারদের ভোটাধিকার কেড়ে নেওয়ার অবিচারের কাহিনীর প্রধান খলনায়ক কেএম নুরুল হুদা। তিনি সুষ্ঠু নির্বাচনকে লাশ বানিয়ে কফিনে পেরেক মেরেছেন।

‘অবৈধ ক্ষমতাসীনদের স্বার্থসিদ্ধির জন্য অত্যন্ত নিপুণ হাতিয়ার হিসেবে কাজ করে যাচ্ছেন নির্বাচন ও সুষ্ঠু ভোটের শত্রু প্রধান নির্বাচন কমিশনার ও তার খয়ের খাঁ কতিপয় নির্বাচন কমিশনার।’

রিজভী বলেন, নির্বাচন কমিশনার মাহবুব তালুকদার, যিনি সুষ্ঠু নির্বাচনের পক্ষে রয়েছেন তিনি বিবেক যন্ত্রণায় ভুগতে ভুগতে এখন পদত্যাগের কথা বলছেন। তিনি যথার্থই বলেছেন- নির্বাচন ব্যবস্থা এখন গভীর খাদের কিনারে।

সিইসির সমালোচনা করে বিএনপির এ নেতা আরও বলেন, গণতন্ত্রমনা বাংলাদেশিদের আত্মমর্যাদাকে ভুলুণ্ঠিত করেছেন নুরুল হুদা। বর্তমান নির্বাচন কমিশনের অনাচার-দুর্নীতি ও লুটপাটের তথ্য সব ভালোভাবেই সংরক্ষিত আছে। এদের অপকর্মের বিচার হবেই।

নির্বাচন কমিশনার কমিশনের দায়িত্ব নিয়েছেন সুষ্ঠু ভোট করার জন্য নয়, বরং শেখ হাসিনার এজেন্ডা বাস্তবায়ন করতে, বলেন রিজভী।

তিনি আরও বলেন, বাংলাদেশের প্রচলিত আইনে সুষ্ঠু নির্বাচন করার জন্য যথেষ্ট শক্তিশালী বিধান রয়েছে। কিন্তু তারা তাদের নিজেদের ক্ষমতাকে প্রয়োগ না করে শেখ হাসিনার পদলেহনেই ব্যস্ত রয়েছেন।

নির্বাচন কমিশন সব নির্বাচনে শেখ হাসিনার সিলেক্টেড প্রার্থীকে বিজয়ী ঘোষণা করে বলেও মন্তব্য করেন রিজভী।

ঢাকায় আসছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী

আগামী ৪ মার্চ ঢাকায় আসছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর। তার দুই দিনের এই সফরে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরের বিষয়াবলি চূড়ান্ত করা হবে।

এ বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেনের সঙ্গে জয়শংকরের দ্বিপক্ষীয় বৈঠকের তারিখ ঠিক করার জন্য দুপক্ষ আলোচনাও চলছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক কর্মকর্তা যুগান্তরকে এ তথ্য জানান।

জানা গেছে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ২৬ মার্চ অনুষ্ঠানে অংশ নেবেন নরেন্দ্র মোদি। পরের দিন প্রধানমন্ত্রী শেখ

হাসিনার সঙ্গে তার দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। নরেন্দ্র মোদির সফরের সময়ে আলোচ্যসূচি ও যেসব সম্ভাব্য চুক্তি হতে পারে তা নিয়ে দুই পররাষ্ট্রমন্ত্রী আলোচনা করবেন। পররাষ্ট্রমন্ত্রী হিসেবে এটি জয়শংকরের দ্বিতীয় ঢাকা সফর।

এর আগে ২০১৯ সালে পররাষ্ট্রমন্ত্রী হওয়ার পরে তিনি ঢাকায় এসেছিলেন। গত মাসে পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেনের দিল্লি সফরের সময়ে জয়শংকরের ঢাকা সফরের বিষয়টি আলোচিত হয়। ওই সময়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে জানানো হয়, ভারতে সংসদের বাজেট অধিবেশন চলছে এবং সেটির বিরতির সময়ে তিনি ঢাকা সফর করবেন।

অভিজিৎ হত্যা: মেজর জিয়াসহ ৫ জনের মৃত্যুদণ্ড

ব্লগার ও লেখক অভিজিৎ হত্যা মামলায় পাঁচজনের মৃত্যু দিয়েছেন আদালদত। এছাড়া অপর আসামির যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে।

ঢাকার সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালের বিচারক মজিবুর রহমান মঙ্গলবার সকালে এ রায় ঘোষণা করেন।

রায় ঘোষণার আগে কাশিমপুর কারাগারে থাকা চার আসামিকে আদালতে হাজির করা হয়। এ মামলার দুই আসামি পলাতক রয়েছেন।

দণ্ডিতরা হলেন-মেজর (চাকরিচ্যুত) সৈয়দ মোহাম্মদ জিয়াউল হক ওরফে জিয়া, মোজাম্মেল হুসাইন ওরফে সায়মন (সাংগঠনিক নাম শাহরিয়ার), আবু সিদ্দিক সোহেল ওরফে সাকিব ওরফে সাজিদ ওরফে শাহাব, আকরাম হোসেন ওরফে আবির, আরাফাত রহমান।

যাবজ্জীবনপ্রাপ্ত আসামি হলেন শফিউর রহমান ফারাবি।

মৃত্যুদণ্ডপ্রাপ্তদের মধ্যে জিয়াউল হক ও আকরাম হোসেন শুরু থেকেই পলাতক।

অভিজিৎ রায়কে ২০১৫ সালের ২৬ ফেব্রুয়ারি রাত সোয়া ৯টার দিকে ঢাকা

বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) টিএসসি এলাকায় সোহরাওয়ার্দী উদ্যানের পাশে সন্ত্রাসীরা কুপিয়ে জখম করে।

আহত অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নেয়া হলে ওইদিন রাত সাড়ে ১০টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

২৭ ফেব্রুয়ারি অভিজিতের বাবা বিশিষ্ট শিক্ষাবিদ অজয় রায় শাহবাগ থানায় হত্যা মামলা করেন।

২০১৯ সালের ১৩ মার্চ ঢাকা মহানগর হাকিম সরাফুজ্জামান আনসারীর আদালতে ছয়জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেন মামলার তদন্ত কর্মকর্তা পুলিশের কাউন্টার টেরোরিজম ইউনিটের পরিদর্শক মনিরুল ইসলাম।

মামলায় ৩৪ জন সাক্ষীর মধ্যে ২৮ জন সাক্ষ্য দেন। ৪ ফেব্রুয়ারি ঢাকার সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালের বিচারক মজিবুর রহমান রাষ্ট্র ও আসামিপক্ষের যুক্তি উপস্থাপন শেষে রায় ঘোষণার জন্য ১৬ ফেব্রুয়ারি দিন ধার্য করেন।

গাংনীর আওয়ামীলীগ, ঐক্যবদ্ধ আওয়ামীলীগ- জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি

গাংনীর আওয়ামীলীগ ঐক্যবদ্ধ আওয়ামী লীগ। তার প্রমাণ িেমিলছে গাংনী পৌর নির্বাচনে নৌকা মনোনীত প্রার্থী আহাম্মেদ আলীকে নির্বাচিত করার মধ্য দিয়ে তার প্রমাণ দিয়েছে গাংনীর নৌকা প্রেমী জনগণ।

জনগণের আশা আকাংখাকে মুল্যদিয়ে গাংনীর উন্নয়নকে আরো গতিশীল রাখতে প্রয়োজনীয় সর্বাত্নক সহযোগীতা থাকবে সরকারের পক্ষ থেকে।

আয়োজিত বিশাল জনসভায় প্রতিমন্ত্রী আরো বলেন, বর্তমান সরকারের

আমলেই দেশের সকল উন্নয়ন সাধিত হয়েছে। এ উন্নয়ন আওয়ামী লীগ সরকারের উন্নয়ন। বঙ্গবন্ধুর হাতে গড়া বাংলাদেশ আওয়ামী লীগ সরকার যখনই ক্ষমতায় আসে তখনই দেশের উন্নয়ন হয়।

আর সে উন্নয়নকে বাধাগ্রস্থ করতে স্বাধীনতা বিরোধী শক্তি বিএনপি জামাত বিদেশী মিডিয়া ভাড়া করে অপপ্রচারে লিপ্ত হয়েছেন। তবে এ ষড়যন্ত্র মোকাবেলা করতে সরকার সচেষ্ট রয়েছেন। এসমস্ত অপপ্রচার ও গুজব জনগণ কেয়ার করেনা। জনগনই তাদের প্রত্যাখ্যান করেছেন।

তিনি আরো বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহামানের নামে বাংলাদেশে একটি জেলা আছে, সেটি মেহেরপুরের মুজিবনগর। বঙ্গবন্ধুর কন্যা দেশনেত্রী শেখ হাসিনা তার মুল্য দিয়ে জনপ্রশাসন মন্ত্রনালয়ের মত গুরুত্বপুর্ণ একটি মন্ত্রনালয়ের দায়িত্ব দিয়েছেন মেহেরপুরের সন্তানকে। মেহেরপুরবাসীর ভালবাসা তারই প্রমাণ মিলেছে।

গাংনী উপজেলা ও পৌরসভার উন্নয়নের লক্ষ্যে অনুষ্ঠিত জনসভায় মেহেরপুর জেলা আওয়ামীলীগের উদ্যোগে সোমবার বিকালে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ চত্বরে জেলা আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল হালিম বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল এসব কথা বলেন।

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে ছিলেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন ও গাংনী পৌরসভার নবনির্বাচিত মেয়র আহাম্মেদ আলী।

গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ এর অনুষ্ঠান সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, মেহেরপুর জর্জ কোটের পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,

উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, মেহেরপুর বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি অধ্যাপক আব্দুল মালেক, সাধারন সম্পাদক সাইদুর রহমান, সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাড শফিকুল আলম, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সফররাজ হোসেন মৃদুল, জেলা কৃষক

লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানাসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে দোগাছি ইউনিয়ন আওয়ামী লীগের বিশাল জনসভা

ঝিনাইদহে দোগাছি ইউনিয়ন আওয়ামী লীগের জনসভা অনুষ্ঠিত হয়েছে। সদর উপজেলার দোগাছি ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে কলামনখালি বাজারে এ জনসভা অনুষ্ঠিত হয়।

দোগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান ফয়েজুল্লাহ ফয়েজ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশ আরও এক ধাপ উন্নয়নের শিখরে পৌছাবে। তিনি সকল ভেদাভেদ ভুলে তৃণমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে আওয়ামলীগকে আরও শক্তিশালী করতে সকলের প্রতি আহবান জানান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশীদ, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাহমুদুল ইসলাম ফোটন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরন।

এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পদ্মাকর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বিকাশ বিশ্বাস, হরিশংকরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান খন্দকার ফারুকুজ্জামান ফরিদ, দোগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পলাশ হোসেন, যুগ্ম-সাধারণ সম্পাদক ফিরোজ শাহী, কালীচরণপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি বিপ্লব

হোসেন, আওয়ামী লীগ নেতা সৈয়দ মুনির হোসেন মুকুল, মুক্তার হোসেন ও সাবেক মেম্বর কাজল হোসেন।

ঝিনাইদহে বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

ঝিনাইদহে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের বীরপ্রতিক খেতাব বাতিলের সিদ্ধান্তের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালে শহরের এইচএসএস সড়কের জেলা বিএনপির কার্যালয়ে সামনে এ কর্মসূচীর আয়োজন করে দলটির জেলা শাখা।

এতে জেলা বিএনপি আহ্বায়ক অ্যাড. এস এম মশিউর রহমান, সদস্য সচিব অ্যাড. এম এ মজিদ, যুগ্ম আহ্বায়ক জাহিদুজ্জামান মনা, আক্তারুজ্জামান, পৌর বিএনপি আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, জিয়াউর রহমানের বীরপ্রতীক খেতাব বাতিলের সিদ্ধান্তের প্রতিবাদ ও ঢাকায় বিএনপির নেতাকর্মীদের উপর পুলিশি হামলার তীব্র নিন্দা জানান।

ডেকে নিয়ে গৃহবধূকে ধর্ষণচেষ্টা, আ.লীগ নেতাকে গণধোলাই

ভালো উকিল দিয়ে জমির মামলায় জিতিয়ে দেওয়ার আশ্বাসে ডেকে নিয়ে চুয়াডাঙ্গায় এক নারীকে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে আওয়ামী লীগ

নেতা মোমিনুল হক মোমিন মাস্টারের বিরুদ্ধে। এ ঘটনায় ওই আওয়ামী লীগ নেতাকে আটক করে গণধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করেছে স্থানীয়রা।

শনিবার রাত ৮টার দিকে উপজেলার ভগিরথপুর গ্রামের একটি ফাঁকা বাড়িতে এ ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে পুলিশ কনডম উদ্ধার করেছে।

অভিযুক্ত মোমিনুল হক মোমিন ওরফে মোমিন মাস্টার দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং নতিপোতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তিনি উপজেলার মসজিদল পাকার ছেলে।

পুলিশ ও এলাকা সূত্রে জানা গেছে, মোমিনুল হক বর্তমানে গ্রাম থেকে ১৫ কিলোমিটার দূরে দামুড়হুদা উপজেলা শহরে বসবাস করেন। শনিবার রাত ৮টার দিকে উপজেলার ভগিরথপুরের আলিহিমের ফাঁকা বাড়িতে এক নারীর চিৎকার চেঁচামেচি শুনে এলাকার লোকজন ছুটে যান। এসময় মোমিন মাস্টারকে গণধোলাই দিয়ে রক্তাক্ত জখম করেন।

এতে তিনি গুরুতর আহত হন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে পুলিশ। তাকে রক্তাক্ত জখম অবস্থায় উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে থানায় নেওয়া হয়। এ সময় থানায় নেওয়া হয় একই উপজেলার বেড়বাড়ি গ্রামের ওই নারী ও তার স্বামীকে।

ভগিরথপুর গ্রামের মাছ ব্যবসায়ী ইলিয়াছ হোসেন জানান, রাতে মরাগাং বাঁওড় পাহারা দিতে আমি ও অরও হালদার নৌকা নিয়ে যাই। পরে ওই মেয়ের চিৎকার শুনে সেখানে যাই। সেখানে মোমিন মাস্টারকে বিবস্ত্র অবস্থায় দেখি। তার হাতে একটি জন্মবিরতিকরণ কনডম ছিল।

ওই মেয়ের চিৎকারে তার স্বামীসহ স্থানীয়রা এসে মোমিন মাস্টারকে মারধর করে।

তিনি বলেন, মোমিন মাস্টার ভালো হলে সন্ধ্যায় ফাঁকা বাড়িতে এক নারীকে নিয়ে তিনি কী করছিলেন? তিনি তো দামুড়হুদায় বাসা ভাড়া নিয়ে থাকেন।

বেড়বাড়ি গ্রামের ওই নারী অভিযোগ করে বলেন, আমার চাচাদের সঙ্গে জমি নিয়ে বিরোধ চলে আসছে। মোমিন মাস্টার ভালো উকিল দিয়ে মামলায় আমাদের জিতিয়ে দেবে বলে আশ্বাস দেয়।

উকিল এসেছে বলে সন্ধ্যায় আমি ও আমার স্বামীকে ভগিরথপুর গ্রামের আলিহিমের বাড়ি ডাকে মোমিন মাস্টার। মোমিন মাস্টার আমার স্বামীকে চা খেতে বাইরে যেতে বলে।

পরে ঘরের দরজা আটকে মোমিন মাস্টার আমাকে জোরপূর্বক ধর্ষণচেষ্টা করে। আমি চিৎকার দিলে আমার স্বামী ও স্থানীয়রা এসে আমাকে উদ্ধার করে। আমি তার বিরুদ্ধে থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছি।

এ বিষয়ে অভিযুক্ত মোমিন মাস্টার জানান, আমাকে পরিকল্পিতভাবে ফাঁসাতে ওই নাটক সাজানো হয়েছে। আমি রাজনীতি করি। আমার প্রতিপক্ষ এ কাজ করেছে। ওই মেয়ের চাচা আমাকে তার কাজ করে দিতে নিষেধ করেছিল। কিন্তু আমি অসহায় ভেবে কাজ করে দিতে চেয়েছিলাম। আমাকে হত্যাচেষ্টার মর্মে আমিও থানায় একটি অভিযোগ দিয়েছি।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ওসি আবদুল খালেক জানান, উভয়পক্ষই থানায় লিখিত অভিযোগ দিয়েছে। মামলার বিষয়টি প্রক্রিয়াধীন।

মেহেরপুরে বিএনপির বিক্ষোভ সমাবেশ

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ‘বীর উত্তম’ খেতাব বাতিল করার সিদ্ধান্তের প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন।

সভাপতির বক্তব্যে বলেন, এই সরকার মুক্তিযুদ্ধের চেতনার কথা বলে মাফিয়া চক্র, কালো টাকার মালিক ও লুটেরাদের নিয়ে দেশ পরিচালনা করছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী শুভক্ষণে শহীদ জিয়াউর রহমান বীর উত্তম খেতাব বাতিলের সিদ্ধান্ত প্রমাণ করে ভোটারবিহীন সরকার অধিপত্যবাদের কাছে দেশের স্বাধীনতা সর্বভৌমত্ত বন্ধক রাখতে চায়।

খেতাব বাতিলের এই সিদ্ধান্ত থেকে সরে আসতে তিনি সংশ্লিষ্টদের প্রতি উদাত্ত আহবান জানান।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, আনছারুল হক, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

এ সময় জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা সমাবেশে অংশগ্রহণ করেন।